# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI | MARCH 2024 | No. 1


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৩১:১৭-২৪

১৭। হে সদাপ্রভু, আমাকে লজ্জিত হতে দিয়ো না, কারণ আমি তোমার কাছে সাহায্যের প্রার্থনা করেছি; কিন্তু দুষ্টদের লজ্জিত হতে দিয়ো, আর তারা পাতালের গর্ভে নীরব হয়ে থাকুক।

১৮। তাদের মিথ্যাবাদী মুখ নির্বাক হোক, কারণ অহঙ্কারে ও ঘৃণায় তারা ধার্মিকদের বিরুদ্ধে উদ্ধত ভাবে কথা বলে।

১৯। যারা তোমাকে সম্ভ্রম করে আর যারা তোমার শরণাগত তাদের প্রতি তোমার সঞ্চিত কল্যাণ কত মহৎ, যা তুমি সকলের সাক্ষাতে তাদের উপর প্রদান করো।

২০। মানুষের সকল চক্রান্ত থেকে তুমি তোমার সান্নিধ্যের ছায়ায় তাদের লুকিয়ে রাখো; অভিযোগের জিভ থেকে তুমি তোমার আবাসে তাদের নিরাপদে রাখো।

২১। সদাপ্রভুর প্রশংসা হোক, কারণ যখন আমি অবরুদ্ধ নগরীতে ছিলাম তিনি তাঁর প্রেমের আশ্চর্য ক্রিয়াসকল আমাকে দেখিয়েছেন।

২২। আতঙ্কে আমি বলেছিলাম, আমি তোমার দৃষ্টি থেকে বিচ্ছিন্ন হয়েছি! তবুও যখন আমি তোমার কাছে সাহায্যের প্রার্থনা করেছিলাম, তুমি আমার বিনতি শুনেছিলে।

২৩। সদাপ্রভুকে ভালোবাসো, তোমরা যারা তাঁর ভক্তজন! সদাপ্রভু তাদের বাঁচিয়ে রাখেন যারা তাঁর প্রতি অনুগত, কিন্তু অহংকারী ব্যক্তিদের তিনি পূর্ণ প্রতিফল দেন।

২৪। তোমরা যারা সদাপ্রভুর উপর আশা রাখো, তোমরা বলবান হও ও সাহস করো।

## ঈশ্বরের নিশ্চয়তাসহ অনিশ্চিত সময়গুলি


আচার্য অ্যাঞ্জেলীন সেলভাকুমারী




তুমি সেই ঈশ্বর যিনি আশ্চর্য কাজ করেন; লোকেদের মাঝে তুমি তোমার শক্তিপ্রদর্শন করে থাকো— গীত ৭৭:১৪

আরেকবার, এই নিবন্ধের মাধ্যমে আপনাদের সঙ্গে সংযোগ করা মহা আনন্দের বিষয়। আমরা ইতিমধ্যেই ২০২৪ সালের দুটি মাস সম্পূর্ণ করেছি।মনে হচ্ছে সময় দ্রুত উড়ে যাচ্ছে! গীত ৭৭ ঘোষণা করে যে আমরা যে ঈশ্বরকে বিশ্বাস করি তিনি বিভিন্ন আশ্চর্য কাজ করেন, এবং তিনি তাঁর লোকেদের মধ্যে তাঁর শক্তি প্রদর্শন করে আনন্দিত হন। তিনি অসম্ভব বিষয়গুলি সম্পাদন করার জন্য আগ্রহের সঙ্গে অপেক্ষা করছেন এবং এই সমগ্র যাত্রায় তাঁর উপর অবিচল আস্থায় তিনি আনন্দিত হন।

আমাদের জীবনের যাত্রা পথে অসংখ্য অপ্রত্যাশিত বাঁক এবং মোড় আছে, যেমন গতি প্রতিরোধকারী উঁচু জায়গা, ব্লাইণ্ড স্পটগুলি, বক্ররেখাগুলি, আকস্মিক পতনের জায়গাগুলি, এবং আরও অনেক কিছু, যা আমাদের জীবনকে ভীষণভাবে অনিশ্চিত করে। এই অজ্ঞাত রাস্তাগুলোর মধ্যে দিয়ে দেখার বিষয়টি, অবিরত পরিবর্তনে পরিপূর্ণ, যা অর্থপূর্ণ চ্যালেঞ্জের বিষয়গুলি আমাদের উপর চাপিয়ে দেয়।


*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*



তাঁর আহ্বানের প্রতিধ্বনি



**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

**৫ মিনিটের বাণী!!**

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



“সদাপ্রভু ঈশ্বর, ইস্রায়েলের ঈশ্বরের প্রশংসা হোক, কেবলমাত্র তিনিই চমৎকার কার্যাবলি সাধন করেন।” -- গীতসংহিতা ৭২:১৮

**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আমরা আপনাদের শুভেচ্ছা জানাই।

গত কয়েক মাস যাবৎ প্রভু আমাদের পরিচর্যা কার্যগুলিকে আশ্চর্যভাবে পরিচালিত করেছেন। যারা অনেক দূরে ছিলেন এমন অসংখ্য লোকদের সঙ্গে প্রভু আমাদের ইউটিউব চ্যানেল এবং তাঁর আহ্বানের প্রতিধ্বনি মাসিক



ওয়াচ নাইট নিউইয়ার সার্ভিস


পত্রিকায় প্রচারিত তাঁর প্রেমপূর্ণ বাণীর মাধ্যমে মিলিত হয়েছেন। প্রভু গত ৩১শে ডিসেম্বর, ২০২৩ সালে আমাদের ওয়াচ নাইট নববর্ষের উপাসনাকেও বিশেষভাবে আশীর্বাদ করেছিলেন।



বরিষ্ঠ পাস্টরের সঙ্গে পাস্ট র পি.অ্যারোকিয়াদাস

আমাদের নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থী পাস্টর পি. অ্যারোকিয়াদাস, এখন বালাসারাবাক্কামে আছেন। তিনি আমাদের প্রধান প্রশাসনিক অফিসে এসেছিলেন এবং তাঁর শক্তিশালী সাক্ষ্য সহভাগিতা করেছিলেন। তিনি সেখানে একটি নতুন পরিচর্যা শুরু করেছেন।

ছত্তিশগড়ের ব্রাদার তীরগে তাঁর পুত্র অবিনাশ তীরগে এবং কয়েক জন আত্মীয়কে নিয়ে আমাদের প্রধান মণ্ডলীতে এসেছিলেন। তিনি হিন্দি ভাষায় আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পাঠ করার দ্বারা



বরিষ্ঠ পাস্ট রের সঙ্গে ব্রাদার সুরেশ তীরগে এবং তাঁর পুত্র অবীনাশ তীরগে


**Our Ministries:** ☼ ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ☼ BIBLECOR - Postal Courses (3 languages) ☼ YouTube Ministry ☼ Online Courses ☼ Theological Correspondence Courses (2 languages) ☼ Church Planting ☼ Nehemiah Bible Colleges ☼ Gospel Printing Press ☼ Great Commission Partners ☼ St. Paul's Matriculation School ☼ Crusades ☼ Community Development

আশীর্বাদযুক্ত হয়ে প্রভু যীশু খ্রীষ্টের নাম গৌরবান্বিত করেছিলেন।



**মহাবলিপুরমে অনুষ্ঠিত একদিনের রিট্রিট**

অনুগ্রহ করে প্রভুতে সামনের সারিতে কর্মরত আমাদের কর্মীদের জন্য প্রার্থনা করুন যেহেতু তারা আমাদের প্রধান মণ্ডলী হয়ে বহুমুখী কার্যকলাপে নিযুক্ত আছেন। গত ২৬.০১.২০২৪ তারিখে নহিমিয় কলেজের শিক্ষার্থীগণ এবং প্রধান মণ্ডলীর ইয়ুথ দলটি সহ মোট ৬০জনকে নিয়ে মহাবলীপুরমে আয়োজিত আমাদের একদিনের রিট্রিটকে প্রভু আশীর্বাদ করেছেন।

প্রভু আমাদের হিন্দি আবাসিক নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা তৈরী করতে এবং ব্রাদার উকিল ধর্মরাজ, পাস্টর ফ্রাঙ্ক লিন এবং পাস্টর দেবদাসের সাহায্যে উত্তর ভারত থেকে আগত পরিযায়ী কর্মীদের কাছে সুসমাচার আনার বিষয়ে পরিকল্পনা করতে সাহায্য করেছেন। এই ভাইরা সাম্প্রতিক দিনগুলিতে উত্তর ভারতীয় পরিচর্যাগুলির উদ্দেশে নিজেদের সমর্পিত করেছেন।



অনুগ্রহ করে তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কার্যকলাপগুলিকে এবং পরিচর্যাকারীদের জন্য প্রার্থনা করুন। ঈশ্বরের অনগ্রহ আপনাদের সকলের সহবর্তী হোক। আমেন।

খ্রীষ্ট যীশুতে আপনাদের দাস
পাস্টর অ্যালেকস স্যামসন স্যাম
পাস্টর এস.স্যাম সেলভারাজ
(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলে প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় ৫ মিনিটের বাণী প্রচারিত হচ্ছে। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

আমার ফোন নম্বরগুলো আপনার মোবাইলে সেভ করে নিন (+91) 98412 71858 / 98410 71858 (ব্যক্তিগত)।

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

আমি যখন গাড়ী চালাই, তখন সর্বদা আমি নেভিগেশনের ওপর আস্থা রাখি। প্রথমতঃ, আমি জাতে হারিয়ে না গিয়ে আমার গন্তব্য স্থানে পৌঁছাতে পারি সেই বিষয়টিকে নিশ্চিত করার জন্য, এবং দ্বিতীয়তঃ, এবং সব থেকে গুরুত্বপূর্ণ বিষয়টি হচ্ছে সামনের রাস্তার প্রকৃতি বোঝার জন্য। আমি একটি পার্বত্য এলাকায় বাস করি এবং যার জন্য আমাকে সর্বদা অসংখ্য উঁচু এবং নীচু জায়গার সম্মুখীন হতে হয়। গুগুল ম্যাপের মতো প্রয়োগগুলো আমাকে আগে থেকে রাস্তাগুলো দেখে নিতে সাহায্য করে। উদাহরণ, আমি বাঁকগুলোর প্রতি মনোযোগ দিই এবং অভারটেক করার বিষয়টি এড়িয়ে চলি, সোজা রাস্তায় অভারটেক করার জন্য প্রস্তুত হই, যে সমস্ত বাঁকগুলোতে সামনে দেখা যায় না সেই সমস্ত জায়গায় আমি আস্তে গাড়ী চালাই এবং অপরিচিত রাস্তাগুলোতে আমি খুব সতর্কভাবে গাড়ী চালাই। জিপিএসের সাহায্যে, আমি রাস্তার অনিশ্চয়তাগুলির জন্য ভালোভাবে প্রস্তুত হতে পারি। আমি চাই জীবনেও যেন আমাদের জিপিএস থাকে! এটি আমাদের জীবনের শুরু থেকে শেষ পর্যন্ত দেখতে সহায়ক হবে।

আমি আপনার সম্পর্কে জানি না, কিন্তু ব্যক্তিগতভাবে, আমি যে কোনও বিষয় শুরু করার আগে আমি এর শেষটা জানা পছন্দ করি। আমি কোথায় যাচ্ছি তা না জেনে আমার পক্ষে কাজ

**Statement about ownership and other particulars about the Newspaper Echo of His Call (Bengali) - Form IV (See Rule 8)**

| | | |
|---|---|---|
| 1. Place of Publication | : | **New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai - 600 005.** |
| 2. Periodicity | : | **Monthly** |
| 3. Printer, Editor, Owner & Publisher | : | **S. Sam Selva Raj** (Same Address) |
| 4. Nationality | : | **Indian** |

I, **S. Sam Selva Raj** hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

**March 2024** **S. Sam Selva Raj.**

করা কঠিন। আমাদের প্রথমেই ফলের কথা চিন্তা করার প্রবণতা থাকে এবং তারপর আমরা পেছন দিকের কাজ করি। যাইহোক, জীবন এইভাবে কাজ করে না। এটি আমাদের উদ্দেশে অপ্রত্যাশিত চ্যালেঞ্জগুলো ছুঁড়ে দেয় যখন আমরা সেটা আশা করি না। প্রিয় জনের অকস্মাৎ মৃত্যু, কাজের পরিবর্তন, আর্থিক বিভিন্ন সমস্যা, অথবা সম্পর্কগুলোর মধ্যে অপ্রত্যাশিত ঝড় হচ্ছে কয়েকটি উদাহরণ যা একজন ব্যক্তি কখনও কল্পনা করতে পারে না।

কীভাবে আমরা এই ধরণের অনিশ্চয়তাগুলি সামলাবো? আমার এক দম্পতির কথা মনে পড়ছে যাদের বিবাহিত জীবন ২৭ বছর, ৩টি সুন্দর সন্তান আছে, এবং যাদের মধ্যে খুব ভালো বোঝাবুঝি আছে এবং যারা খুবই যত্নশীল দম্পতি। হঠাৎ, আমি শুনেছিলাম তাদের মধ্যে বিচ্ছেদ হতে যাচ্ছে, যা আমার কাছে মানসিক আঘাত ছিল। আমি যখন স্ত্রীকে এই বিষয়ে জিজ্ঞাসা করেছিলাম, সে বলেছিল, “আমি কখনও এটা ভাবতেই পারিনি। আমি কখনও ভাবিনি যে আমার জীবনে এরকম কিছু ঘটবে।”

এটি কঠিন এবং যন্ত্রণাদায়ক, শুধু তাই নয় সত্যটি একই আছে। এই সমস্ত পরিস্থিতিগুলোতে, একটি বিষয় নিশ্চিত: ভয়, যন্ত্রণা, কষ্টভোগ, ব্যর্থতা, পরাজয়, সুখ, এবং আনন্দ এই সমস্ত কিছুর মধ্যে ঈশ্বর বিশ্বস্ত।

বাইবেলে গীত ৭৭:১৪ পদে বলা হয়েছে, **তুমি সেই ঈশ্বর যিনি আশ্চর্য কাজ করেন; লোকেদের মাঝে তুমি তোমার শক্তি প্রদর্শন করে থাকো।** - এটাই হচ্ছে, প্রত্যেকটি পরিস্থিতি।

ব্যক্তিগতভাবে এবং মণ্ডলীগতভাবে, আমরা জানতে চাই এই অনিশ্চিত সময়গুলিতে প্রভু আমাদের মণ্ডলীতে এবং আমাদের পরিবারগুলির মধ্যে কী করতে যাচ্ছেন।

মোটের উপর, সব থেকে বড় প্রশ্নটি হচ্ছে, “এই সমস্ত পরিস্থিতিগুলোতে ঈশ্বর কোথায়?” এটিই হচ্ছে সব থেকে সাধারণ এবং ভয়ঙ্কর প্রশ্ন।

বাইবেল আমাদের শিক্ষা দেয় যে লোকেরা যখন নিরুপায় হয়ে যায়,যখন তারা জানেনা কোথায়যেতে হবে,কীভাবে যেতে হবে, এবং তাদের ভবিষ্যতের পরবর্তী পদক্ষেপটি সম্পর্কে অনিশ্চিত হয় তখন তিনি আশ্চর্য কাজ করেন। অনিশ্চিত সময়গুলো! আমি জানি না আমাদের মধ্যে কতজন অনিশ্চিত সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন? আমার জীবন কি কখনও পরিবর্তিত হবে? এমনকী আপনি যখন চ্যালেঞ্জিং সময়গুলোর অভিজ্ঞতা লাভ করবেন,তখনও ঈশ্বর সিংহাসনে থাকেন। তখনও তিনি শাসন করেন।তিনি জীবনের কয়েকটি নির্দিষ্ট পরিস্থিতি আসতে দেন যাতে আমরা তাঁর প্রতি দৃষ্টিস্তুডপাত করি এবং তিনি এই পরিস্থিতিগুলোর মাধ্যমে উচ্চীকৃত হবেন।

ইস্রায়েলীয়দের জীবনের থেকে আর অন্য কোনও উদাহরণ নেই। তারা ৪০০ বছর ধরে দাসত্বের বন্ধন থেকে উদ্ধারের জন্য প্রার্থনা করছিল। অবশেষে, সদাপ্রভু আশ্চর্য কাজ করেছিলেন এবং মিস্রিয়দের মধ্যে তাঁর শক্তি ঘোষণা করেছিলেন। আঘাত, মৃত্যু, লোহিত সাগরের জলরাশি দুইভাগে ভাগ করে মধ্যে দিয়ে রাস্তা তৈরী করা, তাদেরকে নিরাপদে তীরে পরিচালিত করার জন্য মিস্রিয় সৈন্যবাহিনীদের সেই একই সমুদ্রের মধ্যে ডুবিয়ে দেওয়া। মিস্রিয়দের কাছে এই দশটি আঘাত ঈশ্বরের শক্তি ঘোষণা করেছিল। ঈশ্বর তাদেরকে ঠিক এইভাবে নিয়ে আসতে পারতেন। তিনি কেবল মিস্রিয়দেরই জানাতে চাননি, কিন্তু তিনি ঈশ্বরের প্রজাদেরও জানাতে চেয়েছিলেন কে এই যিহোবা! তিনি কী ধরণের ঈশ্বর! তিনি কত ক্ষমতাশালী! যাতে তারা পরীক্ষার সময় দাঁড়িয়ে থাকতে পারে। সুতরাং আমরা এখন এই ২০২৪ সালেও এই বিষয় কথা বলছি!

## কীভাবে আমরা অনির্দিষ্ট সময়ের মোকাবিলা করবো?

অনির্দিষ্ট সময়গুলোতে, আমরা যে ধরণের অনুভূতিগুলোর অভিজ্ঞতা লাভ করি সেগুলি হচ্ছে: বিভ্রান্তি, সন্দেহ, প্রশ্ন করতে থাকা, ক্রোধ, হতাশা, বিরক্তি, তিক্ততা, নিরাশা, নিরুৎসাহ, দুঃখকাতরতা, নিঃসঙ্গতা, দুশ্চিন্তা, এবং উদ্বিগ্নতা যা বলে শেষ করা যাবে না! সুতরাং, আমাদের কি “SHUT DOWN” করা উচিৎ অথবা “CONTROL ALT DELETE” করা উচিৎ এবং এমন ভান করবো যেন কিছুই ঘটেনি এবং স্রোতের সঙ্গে ভেসে যাবো?

এই সময়গুলোতে আমাদের কী করা উচিৎ?

### ১। ঈশ্বরের প্রতিজ্ঞাগুলোক শক্ত করে ধরতে হবে ! কারণ তিনি আমাদের ভবিষ্যৎ জানেন!!

আপনার অজানা ভবিষ্যৎকে পরিচিত ঈশ্বরের হাতে দিন।

অন্যভাবে বলা যায়, ঈশ্বরকে আঁকড়ে ধরুন।যে কোনও বিষয় শুরু করার আগে অথবা পরিকল্পনা করার

*(ক্রমশঃ, ৬ পাতায়)*

NEHEMIAH BIBLE
RESIDENTIAL / EVENING COLLEGE,
Velachery / Chepauk & Santhoshapuram, Chennai.
Medium : Hindi / Tamil
Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
Recognised by International Christian Leaders &
Senior Pastors for the past 54 years
Qualification :
10th Standard & above
Certificate in Ministry
Diploma in Theology
Rush for admission!
Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)



**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে মার্চ থেকে ১৮ই এপ্রিল ২০২৪)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

মার্চ **১৯ :** আমাদের বাইবেলকোর এবং থিওলজিকাল করেসপণ্ডে স কোর্সকে আশীর্বর্বাদ করার জন্য।

**দিন ২০:** ২৬শে জানুয়ারী তারিখে নহিমিয় বাইবেল কলেজের শিক্ষার্থীদের এবং আমাদের প্রধানমণ্ড লীর ইয়ুথ গ্রুপসহ মহাবলিপূরমে একদিনের রিট্রিট অনুষ্ঠানটিকে আশীর্বর্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ২২:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিষেবার প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতার উপর আশীর্বর্বাদের জন্য।

**দিন ২৩:** বহুমুখী পরিষেবাগুলোর মাধ্যমে সুসমাচার সম্প্রসারণে আমাদের বরিষ্ঠ পালকের অঙ্গীকারের উপর তাঁর আশীর্বর্বাদের জন্য।

**দিন ২৪:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের প্রতি তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৫:** আমাদের মণ্ডলীর মধ্যে অভিষেক সহ নতুন বিশ্বাসীদের পাওয়ার মাধ্যমে আশীর্বর্বাদের জন্য।

**দিন ২৬:** আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলিকে আশীর্বর্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্বর্বাদের জন্য।

**দিন ২৮:** আমাদের গ্লোবাল ভিসন ফর ইয়ুথ এ্যাণ্ড কিড কেয়ার পরিচর্যকে আশীর্বর্বাদ করার জন্য।

**দিন ২৯:** আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে আরও সমর্পিত খ্রীষ্টিয়ান শিক্ষক শিক্ষিকা এবং প্রিন্সিপাল দ্বারা আশীর্বর্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের মিশনকর্মীদের মহান প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ৩১:** আমাদের রাজ্য কোঅর্ডিনেটর এবং তাদের পরিবারগুলোর প্রতি আশীর্বর্বাদের জন্য।

**এপ্রিল০১:** গতমাসে আমাদের প্রয়োজনগুলো পূরণ করার জন্য।

**দিন ০২:** রাজনৈতিক এবং ধর্মীয় বিরোধীতার মধ্যে আমাদের খ্রীষ্টিয় পরিচর্যাগুলোর সমৃদ্ধি লাভের জন্য ।

**দিন ০৩:** এই গোলোযোগ এবং যুদ্ধে র ভীতির মধ্যে সমস্ত দেশগুলির স্বর্গীয় সুরক্ষার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** পৃথিবীতে তাঁর রাজ্য নির্মাণের জন্য ঈশ্বর যেন আমাদের আরও অনেক দর্শন দেন।

**দিন ৫:** ভাইরাস জনিত জ্বর এবং নতুন সংক্রামক রোগগুলো থেকে সুরক্ষার জন্য।

**দিন ৬:** সম্ভাব্য সমস্ত উপায়ে এবং সমস্ত পরিমাপে আমাদের পরিচর্যাগুলির সম্প্রসারণেরজন্য।

**দিন ৭:** পৃথিবীর সমস্ত রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং সরকারী সমস্ত কর্তৃপক্ষের জন্য।

**দিন ৮:** প্রার্থনা এবং আর্থিক সাহায্যের মাধ্যমে আমাদের সমস্ত পরিচর্যাগুলিকে ধরে রাখার জন্য আমাদের সমস্ত সমর্থক, শুভানুধ্যায়ী এবং বন্ধুদের জন্য।

**দিন ৯:** আমাদের সহযোগী সম্পাদকদের জন্য এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ১০:** দেশের সমস্ত শিশু এবং যুবদের জন্য প্রার্থনা করুন, তারা যেন যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করে।

**দিন ১১:** সমস্ত দেশগুলির মধ্যে ঐক্য এবং সমস্ত বিষয়ে এবং পরিকল্পনার মধ্যে তাদের উন্নতির জন্য।

**দিন ১২:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের প্রতি তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ১৩:** কোহা সফট্ওয়্যারে আমাদের নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের বইগুলোর আধুনিকিকরণের জন্য।

**দিন ১৪:** পৃথিবীর সমস্ত লোকদের প্রয়োজনগুলির জন্য।

**দিন ১৫:** আমাদের পরিচর্যার আর্থিক প্রয়োজনগুলি যেন পূরণ হয়।

**দিন১৬:** পৃথিবীর অর্থনৈতিক মন্দা যেন সমাপ্ত হয়।

**দিন ১৭:** লোকদের উপর আরেকবার যেন ঈশ্বরের অনুগ্রহ বর্ষিত হয়।

**দিন ১৮:** আমাদের বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

আগে প্রার্থনা করা অত্যন্ত জরুরী। কোনও মানুষের কাছে না গিয়ে প্রভুর কাছে পরিচালনা যাচ্ঞা করুন।

অনিশ্চয়তার এই সময়গুলোতে, ঈশ্বরের লোকদের ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি আছে যার দিকে তারা ফিরতে পারে, দাবি করতে পারে এবং আশা করতে পারে। আজ আপনার আশাকোথায়? আজকের দিনে কে আমাদের আশা? আমরা কি আমাদের বেতনের দিকে, আমাদের চাকরীর নিরাপত্তার দিকে তাকাবো? আমাদের যদি আগামীকাল চাকরী হারাতে হয়, তার পরেও কি আমরা ঘোষণা করতে পারি, **"আমার কোনও কিছুর অভাব নেই; আমার ঈশ্বর আমার সমস্ত প্রয়োজনগুলির জোগানদাতা, ঈশ্বরের মঙ্গলভাব আমাকে তৃপ্ত করবে"?**

অনিশ্চয়তাপূর্ণ সময়গুলোতে, বিশ্বস্ত ঈশ্বরের উপস্থিতি অন্বেষণ করুন এবং তাঁর কাছে যাচ্ঞা করুন, কারণ তিনি আমাদের ভবিষ্যৎ, আমাদের আগামীকাল, আমাদের গতকাল জানেন। তাঁকে এবং তাঁর বাক্যকে শক্ত করে ধরুন।

যাত্রা ৪:২, আমরা দেখতে পাই ঈশ্বর মোশিকে জিজ্ঞাসা করছেন, ... " তোমার হাতে ওটি কী?" আর তিনি বলেছিলেন, "একটি ছড়ি।" মোশি যখন তাঁর পুরাতন, কাঠের ছড়িটি ঈশ্বরের হাতে দেবার বিষয়টি মনোনীত করেছিলেন তখন অলৌকিক ঘটনা ঘটেছিল; এটি "ঈশ্বরের ছড়িতে" পরিণত হয়েছিল। ছড়িটি যখন ঈশ্বরের ছড়িতে রূপান্তরীত হয়েছিল তখন ছড়িটির ক্ষমতার সাক্ষী হয়েছিল!

যাত্রা ১৭:৯ পদে, ... মোশি যিহোশূয়কে বলেছিলেন, আমাদের কয়েক জন লোককে মনোনীত করো এবং অমালেকীয়দের সাথে যুদ্ধ করতে যাও। আগামীকাল আমি ঈশ্বরের সেই ছড়িটি হাতে নিয়ে পাহাড়ের উপরে দাঁড়াব। ঈশ্বরের ছড়িটি সহ, তারা যুদ্ধে নিযুক্ত হতে সক্ষম হয়েছিলেন।

মোশির জীবনের দিকে তাকিয়ে, আমরা একজন অনিচ্ছুক অংশগ্রহণকারীকে দেখতে পাই যিনি অজুহাত দেখিয়েছিলেন এবং মিশরে ফিরে আসার বিষয়ে অনিচ্ছুক হয়েছিলেন। অনিশ্চিত সময়গুলো তার পরিবারের কল্যাণ, তাঁর নেতৃত্বের হারিয়ে যাওয়া সংযোগ, রাজকুমার থাকাকালীন তিনি যে দক্ষতা অর্জন করেছিলেন সেই বিষয়ে, ফরৌণের কাছে কথা বলার বিষয়ে তাঁর বাগ্মিতার অভাব, এবং সেই স্থানে ফিরে আসার বিষয়ে তাঁর ভয় যেখানে তাঁর নিজের লোকেরা তাঁকে গুরুত্ব দেয়নি, সেই সমস্ত বিষয়ে কয়েকটি প্রশ্নের উত্থিত করেছিল।

তাঁর সন্দেহ এবং ভয়গুলি থাকা সত্ত্বেও, মোশি যখন তাঁর হাতে যা ছিল তা সমর্পণ করেছিলেন, তা কিছুটা অসাধারণ বিষয়ে পরিণত হয়েছিল যার মাধ্যমে ঈশ্বর আশ্চর্য কাজগুলি করতে পেরেছিলেন এবং তঁর শক্তি প্রদর্শন করতে পেরেছিলেন।

আজ আপনার হাতে যা আছে তা কি আপনি ঈশ্বরের কাছে সমর্পণ করতে চান যাতে ঈশ্বর অলৌকিক কার্য সম্পাদন করার জন্য তা ব্যবহার করতে পারেন? আপনার ভয়, দুশ্চিন্তা, প্রশ্ন, বিভ্রান্তি, সন্দেহ, উদ্বিগ্নতা, বর্তমান পরিস্থিতিগুলোর জন্য দোষারোপ, ক্রোধ, হতাশা, এবং এই ধরণের অন্যান্য নেতিবাচক আবেগগুলোকে তাঁকে দিন।

এই বিষয়গুলি ঈশ্বরের ছড়িতে পরিণত হোক!

**২। ধার্মিক লোকদের দ্বারা পরিবেষ্টিত হন যাতে তারাও আপনার সঙ্গে চলতে পারেন।**

কেন আমাদের একটি মণ্ডলী এবং একটি মাণ্ডলিক পরিবার থাকা উচিৎ এটি হচ্ছে তার একটি কারণ। আপনি যখন আপনার জীবনের একটি অনিশ্চিত সময়ের মধ্যে দিয়ে যাবেন, তখন আপনার সঙ্গে চলার জন্য কিছু ধার্মিক লোকদের সঙ্গে নিন, যারা আপনাকে শক্তিশালী করবেন এবং আপনার জন্য প্রার্থনা করবেন, এবং আপনার এই নিঃসঙ্গ যাত্রায় আপনাকে তুলে ধরবেন। আমাদের লোকদের সঙ্গে সম্পর্ক গড়ে তোলা প্রয়োজন যারা আমাদের সঙ্গে চলতে এবং প্রার্থনা করতে পারবেন, এবং আত্মিকভাবে আমাদের পরামর্শ দিতে পারবেন।

আজ আপনি এমন একজনকে বেছে নিন যিনি নিয়মিত আপনার সঙ্গে প্রার্থনা করতে পারেন! এমন একজনকে বেছে নিন যিনি আপনাকে তার আত্মিক দক্ষতা দ্বারা আশীর্বাদ করবেন অথবা যাকে আপনি আপনার আত্মিক অভিজ্ঞতা এবং দক্ষতা দ্বারা আশীর্বাদযুক্ত করতে পারবেন। আপনি যদি উভয় বিষয়টিই করতে পারেন তাহলে তা আরও ভালো হবে।

দানিয়েলের জীবনেও এই ধরণের একটি সময় থেকে থাকতে পারে- তরুণ হিসাবে অনিশ্চয়তার মধ্যে, তাঁর পরিবার, বন্ধু, জন্মস্থান, আত্মীয়স্বজন, এবং স্বাধীনতা ত্যাগ করে বন্দি দাস হিসাবে (অনিচ্ছুক অংশীদার হিসাবে) একটি অপরিচিত দেশে তাঁকে চলে আসতে হয়েছিল।

প্রথম অধ্যায়ে তিনি ঈশ্বরের আনুকূল্য পেয়েছিলেন -- সমস্ত কিছু ঠিকঠাক চলছিল বলে মনে হয়েছিল এবং হঠাৎ দ্বিতীয় অধ্যায়ে, দানিয়েলকে একটি গম্ভীর উভয় সঙ্কটের সম্মুখীন হতে হয়েছিল।

**রাজা একটি স্বপ্ন দেখলেন এবং "তার মন অস্থির হয়ে উঠল এবং তিনি ঘুমাতে পারলেন না";** (দানিয়েল ২)।

১২ পদ: **এটি শুনে রাজা এতটাই ক্রুদ্ধ ও ক্ষিপ্ত হয়ে উঠলেন যে তিনি ব্যাবিলনের সব জ্ঞানীদের হত্যা করার আদেশ দিলেন। তাই আদেশ দেওয়া হল যে সব জ্ঞানীদের হত্যা করা হবে এবং রাজা লোকেদের পাঠালেন যেন তারা দানিয়েল ও তার বন্ধুদের খুঁজে তাদের হত্যা করতে পারে।** সবকিছু ঠিকঠাক চলছিল, হঠাৎ তাঁর চাকরী, সুনাম, দায়িত্ব, এবং সমস্ত স্বীকৃতিগুলো হারানোর উপক্রম হল। কঠোর পরিশ্রমকরে তিনি যা কিছু অর্জন করেছিলেন সব ব্যর্থ হওয়ার উপক্রম হলো।

*(ক্রমশঃ, ৯ পাতায়)*

# NEHEMIAH BIBLE COLLEGE

## Graduation Service, 2023-2024



Venue : BKN Hall, Vepery, Chennai - 07.

Date : 1st June, 2024 (Saturday)

Time : 5.00 P.M.



About 50 students will complete their studies and will be sent to the mission field.

We need 75 students for the Tamil and Hindi courses for the academic year 2024-2025. Please pray for this request.

# PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 10.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Service : 8.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Third Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা

## আহ্বানের প্রতিধ্বনি

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | **: ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | **: 1023 2923 805** |
| **Bank Name** | **: STATE BANK OF INDIA** |
| **Branch** | **: TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | **: SBIN 0000249** |
| **SWIFT Code** | **: SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## যে স্থানে তুমি পা দেবে সেই দেশ আমি তোমাকে দেব!

তোমরা যেখানে যেখানে পা রাখবে, সেই সেই স্থান আমি তোমাদের দেব ... (যিহোশূয় ১:৩)

সালটা ছিল ১৯৭৩! গ্রীষ্মকাল, গরমের সময় —এপ্রিল/মে! চেন্নাইয়ের তাম্বারামের কোরলে হাইস্কুলে,যুবক এবং যুবতীদের জন্য একটি তিন দিনের রিট্রিটের আয়োজন করা হয়েছিল। যুবক যুবতীদের উদ্দিপনা সহভাগিতার জন্য 'ব্লেজিং ইয়ুথ মিশনের' প্রতিষ্ঠাতা ব্রাদার আর. স্ট্যানলি, একটি শক্তিশালী এবং চ্যালেঞ্জিং বাণী প্রচার করেছিলেন। আজকের দিনেও, তিনি খ্রীষ্টিয়ান পরিচর্যার একজন মহান নেতা।

আমিও ঐ সভাগুলিতে যোগদান করেছিলাম। তখন আমার বয়েস ছিল ২৩ বছর এবং আমার সরকারী চাকরীর সঙ্গে সঙ্গে আমি ঈশ্বরের কাজও করছিলাম। আমি আমার জীবনে একটি চ্যালেঞ্জিং অভিজ্ঞতা লাভ করেছিলাম।

মধ্যাহ্ন ভোজের পর 'তিন দিনের রিট্রিট' শেষ হয়েছিল। প্রত্যেকে বাসে এবং ট্রেনে ঘরে ফেরার জন্য ব্যস্ত হয়েছিল।

কিন্তু আমি ঐ স্থানটি ছাড়তে পারিনি এবং পবিত্র আত্মা এমন ভাবে কাজ করছিলেন যে আমি কোরলে হাইস্কুলের গেটে, প্রায় এক ঘণ্টা দাঁড়িয়েছিলাম। ঈশ্বরের দাস, ব্রাদার আর. স্ট্যানলীর প্রত্যেকটি শব্দ আমার আত্মিক চোখের সামনে ভাসছিল।

পবিত্র আত্মা তাঁর কোমল এবং শান্ত স্বরে আমার সঙ্গে কথা বলেছিলেন। এই কারণে আমি যেখানে থাকতাম সেখানে যেতে পারছিলাম না। কিন্তু তার পরিবর্তে, আমি ঐ রৌদ্রতপ্ত রবিবারে, চেন্নাইয়ের ভেলাচেরী প্রধান সড়কে অবস্থিত —তাম্বারামের উদ্দেশে হাঁটা পথে চালিত হয়েছিলাম। আমার সঙ্গে যে যুবক যুবতীরা সভায় যোগদান করেছিল, তারা ভেবেছিল আমার কাছে বাসের বা ট্রেনের টিকিট কাটার টাকা নেই বলে আমি হাঁটছিলাম। তারা তাদের গাড়ীর জানালা দিয়ে দুঃখার্ত ভাবে আমার দিকে তাকিয়ে ছিল।

কিন্তু আমি কোনও বিষয়ে উদ্বিগ্ন ছিলাম না। আমি হাঁটছিলাম এবং যাত্রা পথে আমি যাদের দেখছিলাম তাদের কাছে এবং রাস্তার দুপাশের ঘরগুলোতে যারা ছিল তাদের কাছে ট্রাকটস্ বিলি করছিলাম। সেদিন আমাকে ১২ কিমি হাঁটতে হয়েছিল। আমি ক্ষুধার্ত হয়েছিলাম; তৃষ্ণার্ত হয়েছিলাম;আমার চপ্পলের ফিতে ছিঁড়ে গিয়েছিল। কয়েকটি বই নিয়ে এবং হাতে একটা ছেড়া চপ্পল নিয়ে একজন তরুন বয়েসী ছেলেকে এই ভাবে প্রচণ্ড রোদের মধ্যে রাস্তা দিয়ে হেঁটে যেতে দেখে লোকেরা আমাকে সহানুভূতির চোখে দেখছিল। আমি যখন ভেলাচেরীতে পৌঁছেছিলাম, তখন আমার কাছে যত সুসমাচার ট্রাকটস্ ছিল সব শেষ হয়ে গিয়েছিল। এছাড়াও, রাস্তায় লোকদের যাতায়াত কমে এসেছিল।

আমার মনে হয়েছিল স্বর্গ খুলে গিয়েছিল এবং স্বর্গ থেকে দুটি চোখ আরও অসংখ্য চোখের সঙ্গে আমাকে এবং আমার এই কঠিন পরিস্থিতি দেখছিল। আমি শারীরিকভাবে ক্লান্ত হয়ে গিয়েছিলাম কিন্তু আত্মাতে আমি বলবান ছিলাম। আমি রাতের বেলায় আমার জায়গা চেন্নাইয়ের চীপকে পৌঁছেছিলাম।

দিনের পর দিন অতিবাহিত হয়েছিল এবং বছরের পর বছর অতিবাহিত হয়েছিল। ঐ দিন আমি যে সমস্ত স্থানে পা দিয়েছিলাম সেই সমস্ত স্থান থেকে প্রভু আমাদের অসংখ্য আত্মিক লোকদের দিয়েছেন। যাত্রাপথে তিনি আমাকে ব্রাদার দুরাই এবং তাঁর স্ত্রী সিস্টার ফেন্নেলা এবং অ্যাডভেণ্ড মিশন চার্চের পালকদের সঙ্গে আমাকে এক গভীর সম্পর্ক দিয়েছিলেন। ১৯৯৭ সালে, ঈশ্বর আমাকে একটি মণ্ডলী দ্বারা আশীর্বাদ করেছিলেন এবং সন্তোষপুরমে একটি ইংরাজী মাধ্যম উচ্চবিদ্যালয় (সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল) দ্বারা আশীর্বাদ করেছিলেন যে জায়গাগুলো দিয়ে আমি হেঁটেছিলাম। ভেলাচেরীতে, যেখানে আমি সেদিন আমার হাঁটা থামিয়েছিলাম, সেখানে প্রভু আমাকে একটি চার্চ এবং পূর্ণ সময়ের জন্য একটি হিন্দি আবাসিক নহিমিয় বাইবেল কলেজ স্থাপন করতে সক্ষম করেছিলেন। প্রভু ঈশ্বরের একজন ব্যক্তি ব্রাদার এড়ুইনের সঙ্গে কথা বলেছিলেন, তিনি আমাদের পরিচর্যার জন্য তাঁর সম্পত্তি দান করেছিলেন যাতে আমি এটি চার্চ এবং নহিমিয় বাইবেল কলেজের জন্য ব্যবহার করতে পারি।

এই দুটি পরিচর্যা এখন আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার দুটি চোখ হিসাবে কাজ করছে।

প্রভু আমাকে পবিত্র আত্মার অনুপ্রেরণার বাধ্য হতে পরিচালিত করেছিলেন এবং আমাকে ঐ সমস্ত কঠিন অভিজ্ঞতাগুলির মধ্যে দিয়ে যেতে সাহায্য করেছিলেন। পথটি ছিল রুক্ষ, কিন্তু শেষটি মহাবিজয়ের ছিল।

প্রিয় ভাই এবং বোনেরা, আপনি কি কখনও প্রভুকে আপনার সঙ্গে এই ভাবে কথা বলতে শুনেছেন? আপনি কি কখনও সঙ্গে সঙ্গে বাধ্য হয়েছিলেন? আপনি কি কখনও ঈশ্বরের নির্দেশনা অনুসারে কাজ করেছিলেন? অথবা, ঈশ্বর কর্তৃক প্রদত্ত পরিচর্যা কাজ করার পরিবর্তে, আপনি কি যোনার মতো হয়েছেন, অন্যান্য কাজ করেছেন যা আপনাকে আনন্দ, সন্তুষ্টি এবং সুরক্ষা

দান করে? আপনি কি তাদের মধ্যে একজন যারা তাদের সুবিধা মতো একটি পরিচর্যা কাজ করছেন এবং ভাবছেন এটাই ঈশ্বরের ইচ্ছা।

সদাপ্রভু যিনি যিহোশূয়ের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি যেখনে তাঁর পা রাখবেন সেই স্থান তিনি তাঁকে দেবেন, তিনি তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছিলেন (যিহোশূয় ১৪:৯)। তিনি আপনার প্রতিও সেই একই কাজ করবেন। যে সদাপ্রভু আপনাকে আহ্বান করেছেন তিনি বিশ্বস্ত!

তাঁর বাধ্য হন এবং তাঁর ইচ্ছা পালন করুন। এই জীবন্ত ঈশ্বরকে জগতের কাছে নিয়ে যান। বিজয় নিশ্চিত!

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

তিনি কী করেছিলেন? দানিয়েলের অত্যন্ত আতঙ্ক জনক অনিশ্চয়তার সময়ের মধ্যে ছিলেন। তিনি কী করেছিলেন? ১৭ এবং ১৮ পদে, **তিনি এই বিষয় তাঁর বন্ধুদের সঙ্গে সহভাগিতা করেছিলেন, এবং তারা প্রার্থনা করেছিলেন। সঙ্গে সঙ্গে, তিনি একই বিশ্বাসী লোকদের দ্বারা পরিবেষ্টিত হয়েছিলেন যারা তাঁর সঙ্গে চলতে পারতেন এবং তিনি যে পথের মধ্যে দিয়ে যাচ্ছিলেন তা তারা বুঝতে পেরেছিলেন।** তারা প্রার্থনা করেছিলেন, এবং আমরা জানি কী ঘটেছিল। ঈশ্বর তাদের কাছে তাঁর ভবিষ্যতের পরিকল্পনা প্রকাশ করেছিলেন।

আমাদের ঈশ্বর মহান। সুতরাং, ধার্মিক লোকদের সঙ্গে নিজেকে পরিবেষ্টিত করুন।

## ৩। শান্ত হও, আর জানো, আমিই ঈশ্বর

অনিশ্চয়তা আমাদের মস্তিষ্কের বাইরের আবরণের সামনের দিকের অংশকে "বন্ধ করে দেওয়ার" দিকে চালিত করতে পারে, যার ফলে আপনার সমস্যা সমাধান করার, মনোযোগ দান করার, এবং নমনীয় থাকার সক্ষমতা দুর্বল হতে পারে। এটি আপনার অসংগত আচরণে যুক্ত হওয়ার সুযোগ বৃদ্ধি করে এবং আপনার মধ্যে আরও অধিক দুশ্চিন্তা,হতাশা এবং মানসিক চাপের প্রবণতা তৈরী করে।

সেই কারণে ঈশ্বরের সত্যগুলির উপর. মনোসংযোগ করানোর দ্বারা আপনার মনের উপর ফোকাস করার বিষয়টি এতো গুরুত্বপূর্ণ।

শান্ত হওয়ার বিষয়টি হচ্ছে একটি শৃঙ্খলা যার জন্য অবিরত,সচেতনভাবে অনুশীলনকরতে হবে।

শান্ততার কাজ আমাদের ইন্দ্রিয়গুলোকে ধারালো করে এবং আমাদের বর্তমান পরিস্থিতিগুলোর (অজানা) মধ্যে ঈশ্বরের উপস্থিতি সম্পর্কে আমাদের আরও অধিক সচেতন করে।

যখনই আমরা দ্বিধাগ্রস্ত হই, আমাদের পাহাড়গুলির দিকে তাকানো উচিৎ যেখান থেকে আমাদের সাহায্য আসে, যিনি স্বর্গ এবং পৃথিবীর সৃষ্টিকর্তা। যিনি পৃথিবীকে কম্পিত করেন এবং সমুদ্রকে টলায়মান করেন, যিনি দ্বার সকল রুদ্ধ করেন এবং উন্মুক্ত করেন।

প্রভুর সামনে শান্ত হন, যার অর্থ প্রভুর উপস্থিতির কাছে যান এবং বসুন এবং কথা বলবেন না। তাঁকে কিছু বলবেন না, যতক্ষণ না তাঁর কাছ থেকে কোনও কথা শুনবেন ততক্ষণ অপেক্ষা করুন, যিনি আপনার বিশ্বাসের রচয়িতা এবং সিদ্ধিদাতা। **ঈশ্বরের যুদ্ধকে আপনি গ্রহণ করার চেষ্টা করবেন না।**

আপনি যখন সদাপ্রভুর উপস্থিতির মধ্যে যাবেন:

১) আপনার সীমাবদ্ধতা স্বীকার করুন—আপনার অনুভূতির নাম বলুন

২) আপনার যাকিছু আছে ঈশ্বরকে দিন—ছড়ি,এবং এটিকে ঈশ্বরের ছড়ি/ সমস্যা হতে দেন যা নিয়ে ঈশ্বর কাজ করবেন।

৩) ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি স্বীকার করতে শুরু করুন - যদি আপনি এটি স্বীকার করতে চান তাহলে আপনার প্রতিজ্ঞাগুলো মুখস্থ করা প্রয়োজন! প্রভু আপনার হয়ে যুদ্ধ করবেন, এবং আপনি শান্তি ধরে থাকবেন। যাত্রা ১৪:১৪।

প্রিয় বন্ধুগণ,

আপনার সঙ্গে চলতে পারার জন্য বিশ্বস্ত লোক দেখানোর জন্য ঈশ্বরের কাছে যাচ্ঞা করুন। তাঁর উপস্থিতির মধ্যে শান্ত হতে আপনাকে শিক্ষা দানের জন্য এবং যিশাইয় ৩০:১৫ পদের মতো সুস্থির হতে সাহায্য করার জন্য ঈশ্বরের কাছে যাচ্ঞা করুন। **"... সুস্থির থেকে বিশ্বাস করলে তোমরা শক্তিপাবে।"** মনে রাখবেন, যাই ঘটুক না কেন এবং আপনার পরিস্থিতি যতই হতাশাজনক দেখাক না কেন, সর্বশক্তিমনের উপর আস্থা রাখুন। তিনি সমস্ত বক্রপথ সরল করেন কারণ **তিনি আশ্চর্য কার্যকারী ঈশ্বর** (গীত ৭৭:১৪)।


# URGENT

We require approximately 1000 Hindi Christian books for **our Nehemiah Bible Colleges**. Kindly inform us about the possibility of obtaining theological Hindi books.

**Please stop sending books in English and Tamil languages.** Thank you.

- Pr. S. Sam Selva Raj, Editor
+91-98412 71858

# URGENT NEED

## VICE PRINCIPAL & TEACHERS for

## ST. PAUL'S MATRICULATION SCHOOL,

**An *Echo of His Call* Institution**

**Vijayanagaram, Medavakkam, Chennai - 100.**

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christians.

Apply with Bio-data to
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

# WANTED for

## NEHEMIAH BIBLE COLLEGE of ECHO OF HIS CALL, Chennai

ATA - Registered Candidate for Membership

**DEAN (Residential):**

Hindi Theologian with M.Div. / M.Th. Degree & experience. Boarding, Lodging and Salary will be paid.

Eligible candidates may send bio--data to:

E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য** : ১০০ টাকা    **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

# ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** MARCH 2024
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

## *JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**